# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

স্মারক নং-বাকাশিবো/ক/২০০৯/১৫৭৮(৩য় খন্ড)/১২৯২

তারিখঃ ১৩/১০ /২০১০ খ্রীঃ

প্রাপকঃ
অধ্যক্ষ

গ্রীনল্যান্ড পলিটেকনিক ইন্সটিটিউট
প্লট-১৯, ব্লক-এ, আমুলিয়া মডেল টাউন
ডেমরা, ঢাকা।
প্রতিষ্ঠান কোড ঃ ৫০৪৫৪

বিষয়ঃ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে অত্র বোর্ড কর্তৃক আপনার প্রতিষ্ঠানে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত টেকনোলজি ও আসন সংখ্যা অনুযায়ী বর্ণিত শর্তাবলি আরোপপূর্বক ১ বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | টেকনোলজির নাম | আসন সংখ্যা |
|---|---|---|
| ১. | সিভিল | ৪০ |
| ২. | ইলেকট্রিক্যাল | ৪০ |
| ৩. | কম্পিউটার | ৪০ |

শর্তাবলীঃ

১। পরবর্তীতে উক্ত টেকনোলজির অন্ততঃ ১টি চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর চূড়ান্ত স্বীকৃতির জন্য আবেদন করলে পরীক্ষার ফলাফল, ভৌত অবকাঠামো, আসবাবপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ-সুবিধা পর্যালোচনা করে সন্তোষজনক বিবেচিত হলে চূড়ান্ত স্বীকৃতি দেয়া হবে। উল্লেখ্য যে, চূড়ান্ত স্বীকৃতি পেতে হলে আসন সংখ্যার ন্যূনতম ৭৫% শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হতে হবে।

২। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করতে হবে।

৩। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৩-আইন/৯৬) অনুসরণপূর্বক ৩০ দিনের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠনপূর্বক বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩.৩৭ বোর্ডের এসআরও নং-৫৩-আইন/৯৬ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০(১৫০০০) শিক্ষা, তারিখঃ ১০ জুন, ১৯৮৪ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি 'নির্দেশিকা' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৩.৩৮ প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৪। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪-আইন/৯৬) এর প্রবিধান অনুযায়ী বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী এক মাসের মধ্যে নিয়োগ করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।

৫। বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে এবং বোর্ডে সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান নিশ্চিতকরত শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট পর্যাপ্ত পুস্তকাদির ব্যবস্থা করত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ সৃষ্টি করতে হবে।

৬। সংশ্লিষ্ট শিক্ষাক্রমের নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

৭। বোর্ড প্রণীত ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী ২০১০-২০১১ শিক্ষা বর্ষে ছাত্রছাত্রী ভর্তির ব্যবস্থা করতে হবে।

৮। ক্লাশ শুরুর পূর্বেই পদার্থ ও রসায়ন এবং টেকনোলজি সংশ্লিষ্ট সকল ল্যাবরেটরী/ওয়ার্কসপের ঘাটতি যন্ত্রপাতি ক্রয় করে বোর্ডকে অবহিত করতে হবে।

(মোঃ আব্দুর রেজ্জাক)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭

স্মারক নং-বাকাশিবো/ক/২০০৯/১৫৭৮(৩য় খন্ড)/ ১২৯২ (৯)

তারিখঃ ১৩ /১০ /২০১০ খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, ঢাকা।

২। জেলা প্রশাসক, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোম-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০-২০১১ শিক্ষা বর্ষ হতে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।

৫। উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০১০-২০১১ শিক্ষা বর্ষ হতে অ্যাফিলিয়েশন ফি আদায় করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ছাত্রছাত্রীদের ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে রেজিস্ট্রেশন প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯। নথি।